

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুল্ল

বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয় বস্তু: ক্রয়-বিক্রয়/লেনদেন লিখে রাখা ও সাক্ষী রাখা সংক্রান্ত পবিত্র
কুরআনের বিধান

সূরা ২ আল বাকারা আয়াত নম্বর ২৮২ এটি পবিত্র কোরআনের সবচেয়ে দীর্ঘতম আয়াত
ইরশাদ হচ্ছে:

يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا إِذَا تَدَايَيْتُمْ بِدِينٍ إِلَىٰ آجَلٍ مَّسْمًى فَآكْتُبُوهُ

হে বিশ্বাস স্থাপনকারীগণ! যখন তোমরা কোন নির্দিষ্ট সময়ের জন্য ঋণের আদান প্রদান করবে
তখন তা লিখে নিবে

وَلْيَكْتُبْ بَيْنَكُمْ كَاتِبٌ بِالْعَدْلِ

আর তোমাদের মধ্যে একজন লেখক ন্যায্যভাবে যেন তা লিখে দেয়

وَلَا يَأْبَ كَاتِبٌ أَنْ يَكْتُبَ كَمَا عَلَّمَهُ اللَّهُ

লেখক লিখতে দিতে অস্বীকার করবে না, যেভাবে আল্লাহ তাকে শিক্ষা দিয়েছেন

فَلْيَكْتُبْ

সুতরাং সে যেন লিখে দেয়

وَلْيُمْلِلِ الَّذِي عَلَيْهِ الْحَقُّ وَلْيَتَّقِ اللَّهَ رَبَّهُ وَلَا يَبْخَسْ مِنْهُ شَيْئًا

এবং ঋণ গ্রহীতা যেন লেখার বিষয় বলে দেয় এবং তার উচিত রাবব আল্লাহকে ভয় করা

এবং লেখার মধ্যে কিছুমাত্র ব্যতিক্রম না করা;

فَإِنْ كَانَ الَّذِي عَلَيْهِ الْحَقُّ سَفِيهًا أَوْ ضَعِيفًا أَوْ لَا يَسْتَطِيعُ أَنْ يُمْلَ هُوَ

অতঃপর ঋণ গ্রহীতা যদি নির্বোধ বা অযোগ্য অথবা লিখিয়ে নিতে অসমর্থ হয়

هُوَ فَلْيُمْلِلْ وَلِيَّهُ بِالْعَدْلِ

তাহলে তার অভিভাবকরা ন্যায় সঙ্গতভাবে লিখিয়ে নিবে

وَاسْتَشْهِدُوا شَهِيدَيْنِ مِنْ رِجَالِكُمْ
এবং তাদের মধ্যে দু'জন পুরুষকে সাক্ষী রাখ

فَإِنْ لَمْ يَكُونَا رَجُلَيْنِ
যদি দু'জন পুরুষ সাক্ষী না পাও

فَرَجُلٌ وَامْرَأَتَانِ
তবে একজন পুরুষ ও দু'জন মহিলা

مِمَّنْ تَرْضَوْنَ مِنَ الشُّهَدَاءِ
সাক্ষীদের মধ্যে যাদের উপর তোমরা সন্তুষ্ট

أَنْ تَضِلَّ إِحْدَاهُمَا
আর তা এ জন্য যে, তাদের একজন ভুলে গেলে

فَتُذَكَّرَ إِحْدَاهُمَا الْأُخْرَى
অপরজন তা স্মরণ করিয়ে দেবে

وَلَا يَأْبَ الشُّهَدَاءُ إِذَا مَا دُعُوا
আর সাক্ষীদের ডাকা হলে তারা যেন অস্বীকার না করে

وَلَا تَسْمَعُوا أَنْ تَكْتُبُوهُ صَغِيرًا أَوْ كَبِيرًا إِلَىٰ أَجَلِهِ
বিষয়টি ছোট হোক অথবা বড় হোক নির্দিষ্ট সময় লিখে দিতে তোমরা অবহেলা করনা

ذَلِكُمْ أَقْسَطُ عِنْدَ اللَّهِ
এটা আল্লাহর কাছে তোমাদের জন্য সঠিক পন্থা.

وَأَقْوَمُ لِلشَّهَادَةِ
সাক্ষ্যের জন্য মজবুত

وَأَدْنَىٰ أَلَّا تَرْتَابُوا

এবং সন্দেহে না পড়ার কাছাকাছি

إِلَّا أَنْ تَكُونَ تِجَارَةً حَاضِرَةً تُدِيرُونَهَا بَيْنَكُمْ

তবে যদি পরস্পরের মধ্যে হাতে হাতে নগদ লেনদেন হয়

فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَلَّا تَكْتُبُوهَا

তাহলে তোমরা লিখে না রাখলে কোনো গুনাহ হবে না

وَأَشْهَدُوا إِذَا تَبَايَعْتُمْ

আর যখন পরস্পরের মধ্যে ক্রয়-বিক্রয় করবে তখন সাক্ষি রাখবে

وَلَا يُضَارَّ كَاتِبٌ وَلَا شَهِيدٌ

লেখক এবং সাক্ষীরাকাউকে ক্ষতিগ্রস্ত করা যাবে না

وَإِنْ تَفْعَلُوا فَإِنَّهُ فُسُوقٌ بِكُمْ

যদি কেউ এমনটা করে তবে তা গুনাহের কাজ হবে

وَاتَّقُوا اللَّهَ

আল্লাহকে ভয় করো

وَيُعَلِّمُكُمُ اللَّهُ

আল্লাহ তাদেরকে শিক্ষা দান করেন

وَاللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ

আল্লাহ সর্ব বিষয়ে জ্ঞানী

সূরা ২ আল বাকারা আয়াত নম্বর ২৮৩

ইরশাদ হচ্ছে:

وَإِنْ كُنْتُمْ عَلَىٰ سَفَرٍ وَلَمْ تَجِدُوا كَاتِبًا فَرِهْنَ مَقْبُوضَةً

আর যদি তোমরা সফরে থাক এবং লেখক না পাও তবে বন্ধক রাখা

فَإِنْ أَمِنَ بَعْضُكُم بَعْضًا فَلْيُؤَدِّ الَّذِي أُؤْتِمِنَ أَمَانَتَهُ

যদি তোমরা পরস্পরের প্রতি বিশ্বাসী হও তবে যার কাছে আমানত রাখা হয় সে যেন তা ফিরিয়ে দেয়

وَلْيَتَّقِ اللَّهَ رَبَّهُ

এবং তারা রব আল্লাহকে যেন ভয় করে

وَلَا تَكْتُمُوا الشَّهَادَةَ

আর তোমরা সাক্ষী গোপন করো না

وَمَنْ يَكْتُمْهَا فَإِنَّهُ آثِمٌ قَلْبُهُ

যে সাক্ষী গোপন করবে তার অন্তর পাপী হবে

وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ عَلِيمٌ

তোমরা যা কর আল্লাহ সে বিষয়ে জ্ঞান রাখেন

আয়েশা (রা:) থেকে বর্ণিত: তিনি বলেন নবী করীম (স:) এক ইয়াহুদীর নিকট থেকে নির্দিষ্ট মেয়াদে (বাকি) কিছু খাদ্য সামগ্রী খরিদ করেন। এবং ঐ সময় পর্যন্ত তার (ইহুদীর) নিকট তার (রাসূলের) ধর্ম বন্ধক রাখেন।

আল্লাহ আমাদেরকে পবিত্র কুরআন ও হাদিসের আলোকে ব্যবসায়িক লেনদেন করার তৌফিক দান করুন।

আমীন

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ